

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
কারিগরি শাখা-০৪  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)



নম্বর- ৫৭.০০.০০০০.০৫৪.০২৭.০৩.২২.২৭০

তারিখ: ০৫ মাঘ ১৪২৯  
১৯ জানুয়ারি ২০২৩

অফিস আদেশ


জনাব দেবী সাখ্য, ইনস্ট্রাক্টর (বাংলা) (বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০, গ্রেড-৯), ডেরব সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, ডেরব, কিশোরগঞ্জ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়) পদে কর্মরত থাকাকালীন ২০২২ সনের এইচএসসি (বিএমটি) এর একাদশ শ্রেণির বাংলা-১ (কোড-২১৮১১) প্রশ্নপত্রের পান্ডুলিপিতে বেআইনী ও বিধিবিহীনভাবে নিজহাতে লাল কালিতে শিরোনাম ও কোড পরিবর্তন করে তা বিজি প্রেসে প্রেরণ এবং বিষয় বিহীন শিক্ষক দিয়ে প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশন করানোর অভিযোগ রয়েছে। তাঁর এ কাজ এখতিয়ার বিহীন এবং কর্তব্য-কর্মে চরম অবহেলার শামিল। প্রশ্নপত্র কোড ও শিরোনাম পরিবর্তনের বিষয়টি উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত না করে পান্ডুলিপি বিজি প্রেসে পাঠানোর কারণে প্রশ্নপত্র ছাপানো ভুল হওয়ায় ০৬ নভেম্বর, ২০২২ তারিখে দেশব্যাপী অনুষ্ঠেয় নির্ধারিত পরীক্ষা স্থগিত করা হয়।

০২। পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের মতো একটি স্পর্শকাতর ও গোপনীয় বিষয়ের গোপনীয়তা রক্ষায় চরম উদাসীনতা ও দায়িত্বে অবহেলার পরিচয় দেওয়া এবং এতে সরকারি অর্থের অপচয়সহ সারাদেশে হাজার হাজার শিক্ষার্থীর মধ্যে অস্থিরতা সৃষ্টিসহ তাদেরকে অনিশ্চয়তার দিকে ঠেলে দেওয়ার মত কাজ করায় এবং তা প্রাথমিকভাবে তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর এ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এর পর্যায়ে পৌঁছায়।

০৩। বর্ণিত অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজুসহ এ পর্যায়ে জনস্বার্থে তাঁকে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা বিধিসম্মত ও আবশ্যিক বলে কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(১) ধারা এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২(১) বিধি অনুযায়ী তাঁকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত (Suspension) করা হলো।

০৪। সাময়িক বরখাস্তকালে (Suspension Period) তিনি বিধি মোতাবেক খোরাকী ভাতাসহ (Subsistence Allowance) অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন।

০৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
(মোঃ কামাল হোসেন)  
সিনিয়র সচিব


নম্বর- ৫৭.০০.০০০০.০৫৪.০২৭.০৩.২২.২৭০(১৩)

তারিখ: ০৫ মাঘ ১৪২৯  
১৯ জানুয়ারি ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা
২. অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (কারিগরি অধিশাখা-২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী'র সদয় অবগতির জন্য)
৫. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রী'র সদয় অবগতির জন্য)
৬. সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৭. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা

৮. অধ্যক্ষ, ভৈরব সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, ভৈরব, কিশোরগঞ্জ
৯. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
১০. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কিশোরগঞ্জ
১১. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১২. জনাব দেবী সাখ্য, ইনস্ট্রাক্টর (বাংলা) (সাময়িক বরখাস্তকৃত), ভৈরব টেকনিক্যাল স্কুল ও কলেজ, ভৈরব, কিশোরগঞ্জ
১৩. অফিস কপি

  
(মুহাম্মদ আব্দুস সালাম)  
উপসচিব

ফোনঃ ০২-৯৫৪৫৪৪৫

ই-মেইল: [sastech4@tmed.gov.bd](mailto:sastech4@tmed.gov.bd)